Consumer and Worker Protection | Commission on Human Rights | Mayor's Office of Immigrant Affairs

# কর্মচারীদের অধিকারসমূহের বিল

আপনি যদি NYC-তে কাজ করেন, তাহলে আপনার অভিবাসন স্থিতি নির্বিশেষে আপনার কিছু অধিকার আছে।

উপভোক্তা এবং কর্মী সুরক্ষা বিভাগ (Department of Consumer and Worker Protection, DCWP) গুরুত্বপূর্ণ সিটি, স্টেট এবং ফেডারেল আইনগুলির এই সংক্ষিপ্ত বিবরণ তৈরি করেছে যাতে আপনি কর্মক্ষেত্রে আপনার অধিকারগুলি জানতে পারেন।

*দ্রষ্টব্য: "কর্মী" এবং "স্বাধীন ঠিকাদার" হল পৃথক কর্মচারী শ্রেণীবিভাগ। আমরা ইঙ্গিত করি যখন কর্মক্ষেত্রে কোনো অধিকার একজন স্বাধীন ঠিকাদারের জন্য প্রযোজ্য হয়।*

### I. DCWP দ্বারা প্রয়োগ করা কর্মক্ষেত্রে অধিকারগুলি

- সবেতন নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি
- সাময়িক সময়সূচী পরিবর্তন
- ফাস্ট ফুড কর্মচারীদের অধিকারসমূহ
- রিটেইল এবং ইউটিলিটি নিরাপত্তা কর্মচারীদের অধিকারসমূহ
- ফুড ডেলিভারি কর্মী অধিকারসমূহ
- ফ্রিল্যান্স কর্মচারীর অধিকারসমূহ
- যাত্রী সুবিধা (কমিউটার বেনিফিট)
- মুদি কর্মচারীর অধিকারসমূহ

### II. অন্যান্য এজেন্সিগুলির দ্বারা প্রয়োগ করা কর্মক্ষেত্রের অধিকারসমূহ

- ন্যূনতম মজুরি এবং সময়ের অধিকারসমূহ
- প্রচলিত মজুরি
- সবেতন পারিবারিক ছুটি
- পারিবারিক ও চিকিৎসা ছুটি আইন (Family and Medical Leave Act)
- কর্মচারীদের ক্ষতিপূরণ এবং অক্ষমতা সুবিধাসমূহ
- বাধ্যতামুলক শ্রম না থাকা
- নিরাপদ এবং সুস্থ কর্মক্ষেত্র
- বৈষম্যমুক্ত কর্মক্ষেত্র
- সংগঠিত হওয়ার অধিকার
- বেকারত্ব সুবিধা
- স্বাস্থ্য বীমা
- সঠিক কর্মচারী শ্রেণীবিভাগ (কর্মচারী বা স্বাধীন ঠিকাদার)

### III. চাকরির আবেদনকারীর অধিকারসমূহ

- বেতন স্বচ্ছতা
- বেতন ইতিহাসে নিষেধাজ্ঞা
- অধিকারসমূহ যখন কোনো এমপ্লয়মেন্ট এজেন্সি ব্যবহার করে
- স্বয়ংক্রিয় কর্মসংস্থান সিদ্ধান্ত সরঞ্জাম

# I. DCWP দ্বারা প্রয়োগ করা কর্মক্ষেত্রে অধিকারগুলি

এই বিভাগটি গুরুত্বপূর্ণ NYC শ্রম আইনের উপর আলোকপাত করে।

দ্রষ্টব্য: এটি সম্যক নয় এবং আইনি পরামর্শ তৈরি করে না।

*কোনো প্রতিশোধ নয়*

কর্মচারীরা তাদের অধিকার প্রয়োগ করা বা প্রয়োগ করার চেষ্টা করার জন্য শাস্তি দেওয়া, বরখাস্ত করা বা তাদের বিরুদ্ধে চাকরির পরিপন্থী কোনো ব্যবস্থা গ্রহণ বেআইনি। সন্দেহজনক প্রতিশোধের বিষয়ে অবিলম্বে DCWP-এর সাথে যোগাযোগ করুন।

*DCWP-এর সাথে যোগাযোগ করুন*

অতিরিক্ত NYC শ্রম আইন সম্পর্কে জানতে, প্রশ্ন জিজ্ঞাসা করতে, বা অভিযোগ দায়ের করতে:

- **nyc.gov/workers** দেখুন
- **311** (NYC এর বাইরে NEW-YORK 212) নম্বরে কল করুন এবং কর্মচারী সুরক্ষা আইনটি উল্লেখ করুন

যদি না আইনের দ্বারা প্রকাশের প্রয়োজন হয় বা আপনি অনুমতি না দেন, DCWP আপনার পরিচয় গোপন রাখবে। DCWP আপনাকে আপনার অভিবাসন স্থিতি সম্পর্কে জিজ্ঞাসা করবে না।

## সবেতন নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি

আপনি যদি NYC-তে যেকোনো আকারের ব্যবসায় বা অলাভজনক প্রতিষ্ঠানে পার্ট টাইম বা ফুলটাইম কাজ করেন বা আপনি যদি কোনো NYC পরিবারে একজন গৃহকর্মী হিসেবে কাজ করেন, তবে আপনার নিজের জন্য বা আপনার নিজের বলে মনে করেন এমন কারোর পরিচর্যার জন্য আপনার বছরে 40 বা 56 ঘন্টা অবধি ছুটি পাওয়ার অধিকার রয়েছে। নিম্নলিখিতগুলির জন্য ছুটি ব্যবহার করুন:

- অসুস্থতা বা প্রতিরোধমূলক চিকিৎসা পরিচর্যা সহ স্বাস্থ্যের জন্য;
- গার্হস্থ্য সহিংসতা, অবাঞ্ছিত যৌন সংসর্গ, পিছু নেওয়া, বা মানব পাচারের কারণে নিরাপত্তার জন্য।

আরও তথ্যের জন্য বা অভিযোগ দায়ের করতে:

- nyc.gov/workers দেখুন
- 311 নম্বরে কল করুন এবং 'সবেতন নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি' বলুন

## সাময়িক সময়সূচী পরিবর্তন

নির্দিষ্ট ব্যক্তিগত ইভেন্টেগুলির জন্য বছরে দুটি কার্য দিবসের জন্য সাময়িক সময়সূচী পরিবর্তন করার অধিকার আপনার আছে। এর মধ্যে অবৈতনিক ছুটি নেওয়ার অধিকার অন্তর্ভুক্ত। ব্যক্তিগত ঘটনাগুলির মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে:

- শিশু পরিচর্যা;
- পরিবার বা পরিবারের অক্ষমতা থাকা সদস্যের যত্ন নেওয়া;
- পাবলিক সুবিধা শুনানি;
- NYC এর সবেতন নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি আইনের (Paid Safe and Sick Leave Law) অধীনে যেকোনো ব্যবহার।

আরও তথ্যের জন্য বা অভিযোগ দায়ের করতে:

- nyc.gov/workers দেখুন
- 311 নম্বরে কল করে 'টেম্পোরারি সিডিউল চেঞ্জ' বলুন

## ফাস্ট ফুড কর্মচারীদের অধিকারসমূহ

আপনি যদি ফাস্ট ফুডে কাজ করেন, তবে আপনি অবশ্যই নিম্নলিখিতগুলি পাবেন:

- নিয়মিত সাপ্তাহিক সময়সূচী;
- সময়সূচী পরিবর্তনের জন্য অতিরিক্ত বেতন;
- নতুন শিফটে কাজ করার অগ্রাধিকারসমূহ;
- বরখাস্ত, ছাঁটাই বা সময় হ্রাস থেকে কাজের সুরক্ষা।

আরও তথ্যের জন্য বা অভিযোগ দায়ের করতে:

- nyc.gov/workers দেখুন
- 311 নম্বরে কল করে 'ন্যায্য কর্ম-সপ্তাহের আইন' বলুন

## রিটেইল এবং ইউটিলিটি নিরাপত্তা কর্মচারীদের অধিকারসমূহ

আপনি যদি কোনো রিটেইল ব্যবসার দোকানে বা ইউটিলিটি সেফটি-তে কাজ করেন, তাহলে প্রথম শিফটের 72 ঘন্টা আগে আপনার সাপ্তাহিক কাজের সময়সূচী অবশ্যই পাবেন।

আপনার নিয়োগকর্তা শেষ মুহূর্তে পরিবর্তন করতে পারেন না।

আরও তথ্যের জন্য বা অভিযোগ দায়ের করতে:

- nyc.gov/workers দেখুন
- 311 নম্বরে কল করে 'ন্যায্য কর্ম-সপ্তাহের আইন' বলুন

## ফুড ডেলিভারি কর্মী অধিকারসমূহ

স্বাধীন ঠিকাদার যারা কোনো অ্যাপের জন্য রেস্টুরেন্টের খাবার ডেলিভারি করেন তাদের কিছু অধিকার আছে।

আপনি যদি কোনো অ্যাপের জন্য রেস্টুরেন্টের খাবার ডেলিভারি করেন, তাহলে অ্যাপগুলিকে অবশ্যই:

- আপনাকে ন্যূনতম হারে বেতন দিতে হবে*;
- আপনাকে জানাতে হবে প্রতিটি ডেলিভারির জন্য গ্রাহক কত টিপস দিয়েছেন;
- আপনার আগের দিনের মোট বেতন এবং টিপস আপনাকে জানাতে হবে;
- রেস্টুরেন্টের থেকে আপনি কতদূর যাবেন তা সীমাবদ্ধ করতে এবং বিশেষ কিছু সেতু বা টানেল ব্যবহার করতে অস্বীকার করার অনুমতি দিতে হবে;
- আপনার ডেলিভারি গ্রহণ করার আগে আপনাকে রুটের বিশদ বিবরণ জানাতে হবে;
- সপ্তাহে অন্তত একবার আপনাকে অর্থ প্রদান করতে হবে।

*সর্বনিম্ন বেতনের হারের আপডেট প্রতি বছর 1 এপ্রিলে হয়।

আরও তথ্যের জন্য বা অভিযোগ দায়ের করতে:

- nyc.gov/workers দেখুন
- 311 কল করে 'ডেলিভারি ওয়ার্কার্স' বলুন

## ফ্রিল্যান্স কর্মচারীর অধিকারসমূহ

আপনি যদি NYC-তে একজন স্বাধীন ঠিকাদার (ফ্রিল্যান্সার) হন, তাহলে আপনি অবশ্যই নিম্নলিখিতগুলি পাবেন:

- একটি লিখিত চুক্তি;
- আপনার কাজের জন্য সময়মত এবং সম্পূর্ণ অর্থ প্রদান।

আরও তথ্যের জন্য বা অভিযোগ দায়ের করতে:

- nyc.gov/workers দেখুন
- 311 নম্বরে কল করে 'ফ্রিল্যান্স বলুন

## যাত্রী সুবিধা (কমিউটার বেনিফিট)

আপনি যদি NYC-তে 20 বা তার বেশি ফুল-টাইম কাজ করা ইউনিয়নহীন কর্মী থাকা কোনো ব্যবসায় বা অলাভজনক প্রতিষ্ঠানে ফুল টাইম কাজ করেন, তাহলে আপনার নিয়োগকর্তাকে অবশ্যই আপনাকে একটি যাত্রী সুবিধা (কমিউটার বেনিফিট) প্রোগ্রাম প্রদান করতে হবে।

আরও তথ্যের জন্য বা অভিযোগ দায়ের করতে:

- nyc.gov/workers দেখুন
- 311 নম্বরে কল করে 'কমিউটার বেনিফিট' বলুন

## মুদি কর্মচারীর অধিকারসমূহ

আপনি যদি কোনো মুদি দোকানে কাজ করেন যা বিক্রি হয়ে গেছে, তাহলে নতুন মালিককে অবশ্যই পূর্ববর্তী মালিকের কর্মীদের 90 দিনের ট্রানজিশনাল সময়ের জন্য বহাল রাখতে হবে।

আরও তথ্যের জন্য বা অভিযোগ দায়ের করতে:

- nyc.gov/workers দেখুন
- 311 নম্বরে কল করে 'গ্রসারি ওয়ার্কার্স' বলুন

# II. অন্যান্য এজেন্সিগুলির দ্বারা প্রয়োগ করা কর্মক্ষেত্রের অধিকারসমূহ

এই বিভাগটি কর্মীদের সুরক্ষা দেয় এমন গুরুত্বপূর্ণ সিটি, স্টেট এবং ফেডারেল শ্রম আইনগুলিকে তুলে ধরে। এটি স্বাধীন ঠিকাদার সহ অনেক ধরনের কর্মীদের আওতাভুক্ত করে এমন NYC-র বৈষম্য বিরোধী কর্মী সুরক্ষাগুলিকেও তুলে ধরে।

দ্রষ্টব্য: এটি সম্যক নয় এবং আইনি পরামর্শ তৈরি করে না।

## ন্যূনতম মজুরি এবং সময়ের অধিকারসমূহ

আপনার ঘন্টা প্রতি ন্যূনতম মজুরি পাওয়ার অধিকার রয়েছে।

ঘন্টা প্রতি ন্যূনতম মজুরি ছাড়াও আপনার অতিরিক্ত বেতন পাওয়ার অধিকার থাকতে পারে, যার মধ্যে রয়েছে:

- *ওভারটাইমের বেতন*: এক সপ্তাহে 40 ঘন্টার বেশি কাজ করার জন্য দেড়গুণ বেতন।
- *কল-ইন বেতন*: তাড়াতাড়ি বাড়ি পাঠানোর জন্য বেতন।
- *শিফট ভাগ করা এবং সময় বৃদ্ধির বেতন*: বেতন যখন আপনার কর্মদিবসের শুরু এবং শেষের মধ্যে 10 ঘন্টার বেশি ব্যবধান থাকে।
- *ইউনিফর্ম রক্ষণাবেক্ষণের বেতন*: আপনি যদি নিজেই নিজের ইউনিফর্ম পরিষ্কার করেন, তবে তার জন্য বেতন।

আপনার নিয়োগকর্তাকে অবশ্যই:

- আপনাকে নিয়োগের সময় আপনাকে বেতনের হারের একটি লিখিত নোটিশ দিতে হবে;
- আপনাকে প্রতিটি বেতন প্রদানের দিনে মজুরির একটি বিশদ বিবরণী (পে স্টাব) দিতে হবে।

নিম্নলিখিতগুলি সম্পর্কিত আপনার অতিরিক্ত অধিকার এবং সুরক্ষা রয়েছে:

- মজুরি থেকে অবৈধ কর্তন;
- বিশ্রাম এবং বিরতি;
- 18 বছরের কম বয়সী কর্মীদের নিয়োগ।

আরও তথ্যের জন্য বা অভিযোগ দায়ের করতে, যোগাযোগ করুন:

**New York State Department of Labor**
dol.ny.gov ("labor standards" সার্চ করুন) | 888-469-7365

## প্রচলিত মজুরি

স্টেট এবং সিটি আইনের অধীনে, ঠিকাদারদের অবশ্যই নির্দিষ্ট পাবলিক ওয়ার্ক চুক্তির অধীনে এবং সরকারী ফান্ডিং বা ট্যাক্স সুবিধা গ্রহণ করে এমন কিছু বেসরকারী প্রকল্পের অধীনে থাকা কর্মীদের জন্য উচ্চতর ন্যূনতম বেতন ও সুবিধাগুলির প্রয়োজনীয়তা পূরণ করতে হবে।

আরও তথ্যের জন্য বা অভিযোগ দায়ের করতে, যোগাযোগ করুন:

**New York State Department of Labor**
dol.ny.gov ("prevailing wage" সার্চ করুন) | 888-469-7365

**New York City Comptroller**
comptroller.nyc.gov ("prevailing wage" সার্চ করুন) | 212-669-3916

## সবেতন পারিবারিক ছুটি

আপনার নিয়োগকর্তাকে অবশ্যই 12 সপ্তাহ পর্যন্ত চাকরি-সুরক্ষিত সবেতন ছুটি প্রদান করতে হবে নিম্নলিখিতগুলির জন্য:

- একটি সদ্যজাত, দত্তক নেওয়া বা লালিত সন্তানের সাথে বন্ধন তৈরির জন্য;
- গুরুতর স্বাস্থ্যেজনিত অবস্থা থাকা পরিবারের কোনো সদস্যের পরিচর্যার জন্য; অথবা
- স্বামী বা পত্নী, গার্হস্থ্য সঙ্গী, সন্তান বা পিতামাতাকে সক্রিয় সামরিক পরিষেবায় বিদেশে নিযুক্ত করা হলে প্রিয়জনকে সহায়তা করার জন্য।

আরও তথ্যের জন্য বা অভিযোগ দায়ের করতে, যোগাযোগ করুন:

**New York State Paid Family Leave**
paidfamilyleave.ny.gov | 844-337-6303

## পারিবারিক ও চিকিৎসা ছুটি আইন (Family and Medical Leave Act)

50 বা তার বেশি কর্মচারী থাকা নিয়োগকর্তাদের অবশ্যই 12 সপ্তাহ পর্যন্ত *অবৈতনিক* পারিবারিক এবং চিকিৎসা ছুটি প্রদান করতে হবে।

আরও তথ্যের জন্য বা অভিযোগ দায়ের করতে, যোগাযোগ করুন:

**U.S. Department of Labor**
dol.gov | 866-4-USWAGE (866-487-9243)

## কর্মচারীদের ক্ষতিপূরণ এবং অক্ষমতা সুবিধা

আপনার চাকরির প্রত্যক্ষ ফলাফল হিসাবে আপনি অসুস্থ বা আহত হলে নগদ সুবিধা এবং/অথবা চিকিৎসা সেবা পাওয়ার অধিকার আপনার আছে।

আপনার নিয়োগকর্তাকে অবশ্যই গর্ভাবস্থা- বা প্রসব-সম্পর্কিত অক্ষমতা সহ চাকরির বাইরের আঘাত বা অসুস্থতার জন্য অস্থায়ী অক্ষমতা সুবিধা প্রদান করতে হবে।

আরও তথ্যের জন্য বা অভিযোগ দায়ের করতে, যোগাযোগ করুন:

**New York State Workers' Compensation Board**
wcb.ny.gov | 877-632-4996

## বাধ্যতামুলক শ্রম না থাকা

বাধ্যতামূলক শ্রম, যা মানব পাচার নামেও পরিচিত, একটি গুরুতর অপরাধ। বলপ্রয়োগ, প্রতারণা বা জবরদস্তির কারণে শিকাররা তাদের ইচ্ছার বিরুদ্ধে কাজ করে।

আরও তথ্যের জন্য বা সাহায্য পেতে, যোগাযোগ করুন:

**National Human Trafficking Hotline**
*(U.S. Department of Health & Human Services Administration for Children & Families)*
888-373-7888 (24 ঘন্টা, সপ্তাহে 7 দিন)

**New York State Department of Labor Division of Immigrant Policies and Affairs**
877-466-9757 (সোম থেকে শুক্রবার, সকাল 9 টা থেকে বিকাল 5 টা)

T ভিসা নামে অভিবাসন ত্রাণের একটি ফর্ম রয়েছে যা পাচার থেকে পরিত্রাণ পাওয়া কিছু লোকেদের জন্য উপলব্ধ।

আরও তথ্যের জন্য বা সাহায্য পেতে, যোগাযোগ করুন:

**Mayor's Office of Immigrant Affairs Immigration Legal Support Hotline**
800-354-0365 (সোম থেকে শুক্রবার, সকাল 9 টা থেকে সন্ধ্যা 6 টা)

## নিরাপদ এবং সুস্থ কর্মক্ষেত্র

আপনার কর্মক্ষেত্রকে অবশ্যই স্বাস্থ্য ও নিরাপত্তা ঝুঁকিমুক্ত হতে হবে। আপনার কাজের ঝুঁকি সম্পর্কে তথ্য এবং প্রশিক্ষণ পাওয়ার অধিকারও রয়েছে।

আরও তথ্যের জন্য বা অভিযোগ দায়ের করতে, যোগাযোগ করুন:

**Occupational Safety and Health Administration**
osha.gov | 800-321-OSHA (800-321-6742)

আপনার অধিকার আছে কর্মক্ষেত্রে নিরাপত্তা সংক্রান্ত সমস্যা সমাধানের জন্য কর্মচারী ও পরিচালকদের একটি কর্মক্ষেত্র নিরাপত্তা কমিটি গঠন করার।

আরও তথ্যের জন্য বা অভিযোগ দায়ের করতে, যোগাযোগ করুন:

**New York State Department of Labor**
dol.ny.gov ("HERO Act" সার্চ করুন) | 888-469-7365

## বৈষম্যমুক্ত কর্মক্ষেত্র

সিটি, স্টেট এবং ফেডারেল আইন যৌন হয়রানি এবং কর্মসংস্থান বৈষম্যকে নিষিদ্ধ করে। NYC বৈষম্য বিরোধী আইন কর্মচারী, স্বাধীন ঠিকাদার, শিক্ষানবীশ এবং চাকরির আবেদনকারীদের আওতাভুক্ত করে।

NYC-তে, নিয়োগকর্তাদের জন্য সংরক্ষিত বিভাগের উপর ভিত্তি করে নিম্নলিখিতগুলির জন্য বৈষম্য করা বেআইনি, কিন্তু এতেই সীমাবদ্ধ নয়:

- বয়স
- দোষী সাব্যস্ত হওয়ার ইতিহাস (অনেক ক্ষেত্রে)
- অক্ষমতা
- লিঙ্গ
- অভিবাসন বা নাগরিকত্বের স্থিতি
- জাতীয় মূল
- গর্ভাবস্থা
- জাতি
- ধর্ম
- যৌন পছন্দ

*যুক্তিসঙ্গত বিশেষ ব্যবস্থা*

NYC-তে নিয়োগকর্তাদের অবশ্যই কর্মক্ষেত্রে যুক্তিসঙ্গত বিশেষ ব্যবস্থা করতে হবে নিম্নলিখিতগুলির ভিত্তিতে:

- অক্ষমতা (শারীরিক বা মানসিক)
- গর্ভাবস্থা, প্রসব, বুকের দুধ খাওয়ানো
- ধর্মীয় আচার পালন
- গার্হস্থ্য সহিংসতার শিকার (অর্থনৈতিক অপব্যবহার সহ), যৌন সহিংসতা, বা চুপিসাড়ে অনুসরণের শিকার হিসাবে অবস্থা

যুক্তিসঙ্গত বিশেষ ব্যবস্থার মধ্যে কাজের সময়সূচী, দায়িত্ব এবং/অথবা সরঞ্জামের পরিবর্তন অন্তর্ভুক্ত থাকতে পারে।

আরও তথ্যের জন্য বা অভিযোগ দায়ের করতে, যোগাযোগ করুন:

**NYC Commission on Human Rights**
nyc.gov/humanrights │ 311 ('ডিসক্রিমিনেশন' বলুন) অথবা 212-416-0197

**New York State Division of Human Rights**
dhr.ny.gov │ 888-392-3644

**U.S. Equal Employment Opportunity Commission**
eeoc.gov │ 800-669-4000

*সমান বেতন*

একই কাজের জন্য সমান বেতন পাওয়ার এবং আপনার সহকর্মীদের সাথে আপনার বেতন নিয়ে আলোচনা করার অধিকার রয়েছে।

আরও তথ্যের জন্য বা অভিযোগ দায়ের করতে, যোগাযোগ করুন:

**New York State Attorney General**
ag.ny.gov ("equal pay" সার্চ করুন) │ 800-771-7755

## সংগঠিত হওয়ার অধিকার

আপনি একটি ইউনিয়ন সংগঠিত করা সহ আপনার কাজের অবস্থার উন্নতি করতে আপনার সহকর্মীদের সাথে একত্রিত হতে পারেন। কর্মক্ষেত্রের পরিস্থিতি সম্পর্কে আপনার সহকর্মীদের সাথে কথা বলা বা সংগঠিত করার জন্য নিয়োগকর্তারা আপনার বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারেন না।

আরও তথ্যের জন্য বা অভিযোগ দায়ের করতে, যোগাযোগ করুন:

**National Labor Relations Board**
nlrb.gov │ 844-762-NLRB (844-762-6572)

## বেকারত্ব সুবিধা

আপনার নিয়োগকর্তাকে অবশ্যই বেকারত্ব বীমা বহন করতে হবে যা 26 সপ্তাহ পর্যন্ত অস্থায়ী আয় প্রদান করে যদি আপনি নিজের কোনো দোষ ছাড়াই আপনার চাকরি হারান এবং সক্রিয়ভাবে কাজ খোঁজেন। বেকারত্বের সুবিধার জন্য যোগ্যতা অর্জনের জন্য আপনার অবশ্যই কাজ করার আইনি অনুমোদন থাকতে হবে।

আরও তথ্যের জন্য, যোগাযোগ করুন:

**New York State Department of Labor**
dol.ny.gov ("unemployment" সার্চ করুন) | 888-209-8124

## স্বাস্থ্য বীমা

যদি আপনার নিয়োগকর্তা স্বাস্থ্য বীমা প্রদান করে, তাহলে আপনি যখন কভারেজ হারাবেন বা চাকরি পরিবর্তন করবেন তখন আপনার স্বাস্থ্য সুবিধাগুলি চালিয়ে যাওয়ার অধিকার থাকতে পারে।

আরও তথ্যের জন্য, যোগাযোগ করুন:

**U.S. Department of Labor**
dol.gov ("Employee Benefits Security Administration" সার্চ করুন) | 866-444-3272

## সঠিক কর্মচারী শ্রেণীবিভাগ (কর্মচারী বা স্বাধীন ঠিকাদার)

অনেক কর্মচারী অধিকার শুধুমাত্র কর্মচারী হিসাবে শ্রেণীবদ্ধ করা কর্মচারীদের জন্য প্রযোজ্য।

আপনি একজন কর্মী নাকি একজন স্বাধীন ঠিকাদার তা নির্ভর করে বিভিন্ন কারণের উপর এবং আপনার কাজের ব্যবস্থার প্রকৃতির উপর।

ভুল শ্রেণীবিভাগ ঘটে যখন নিয়োগকর্তারা তাদেরকে কর্মচারী বিবেচনা করে যাদের স্বাধীন ঠিকাদারের মতো কর্মচারী বিবেচনা করা উচিত বা কর প্রদান না করে শ্রমিকদের "হিসাব বহির্ভূত" বেতন দেন। ভুল শ্রেণীবিভাগ শ্রমিকদের কর্মচারী হিসাবে তাদের অধিকার এবং সুবিধাগুলিকে অস্বীকার করে।

আরও তথ্যের জন্য বা সাহায্য পেতে, যোগাযোগ করুন:

**New York State Department of Labor**
dol.ny.gov ("misclassification" সার্চ করুন) | 866-435-1499

# III. চাকরির আবেদনকারীর অধিকারসমূহ

এই বিভাগ গুরুত্বপূর্ণ সিটি, স্টেট, এবং ফেডারেল আইনগুলিকে তুলে ধরে।

দ্রষ্টব্য: এটি সম্যক নয় এবং আইনি পরামর্শ তৈরি করে না।

সিটি চাকরিপ্রার্থীদের জন্য বিনামূল্যে সহায়তা প্রদান করে যাদের কাজ করার আইনি অনুমোদন রয়েছে। Workforce1 Career Centers সম্পর্কে জানতে NYC ক্ষুদ্র ব্যবসা সেবা বিভাগের (NYC Department of Small Business Services) সাথে যোগাযোগ করুন:

- **nyc.gov/workforce1** দেখুন
- **311** নম্বরে কল করে ‘Workforce1' বলুন

## বেতন স্বচ্ছতা

বেশিরভাগ নিয়োগকর্তাদের অবশ্যই একটি চাকরির পোস্টিংয়ে বেতনের পরিসীমা উল্লেখ করতে হবে।

আরও তথ্যের জন্য বা অভিযোগ দায়ের করতে, যোগাযোগ করুন:

**NYC Commission on Human Rights**
nyc.gov/humanrights | 311 (‘স্যালারি ট্রান্সপারেন্সি' বলুন)

**New York State Department of Labor**
dol.ny.gov ("pay transparency" সার্চ করুন) | 888-469-7365

## বেতন ইতিহাসে নিষেধাজ্ঞা

নিয়োগের প্রক্রিয়া চলাকালীন নিয়োগকর্তারা আপনার বেতনের ইতিহাস সম্পর্কে জিজ্ঞাসা করতে পারবেন না।

আরও তথ্যের জন্য বা অভিযোগ দায়ের করতে, যোগাযোগ করুন:

**NYC Commission on Human Rights**
nyc.gov/humanrights | 311 ('ডিসক্রিমিনেশন' বলুন)

**New York State Department of Labor**
dol.ny.gov ("salary history ban" সার্চ করুন) | 888-469-7365

## অধিকারসমূহ যখন কোনো এমপ্লয়মেন্ট এজেন্সি ব্যবহার করে

NYC-তে কাজ করার জন্য এমপ্লয়মেন্ট এজেন্সিগুলির একটি DCWP লাইসেন্স থাকতে হবে।

এজেন্সিগুলি আপনাকে চাকরি দেওয়ার আগে কোনও ফি চার্জ করতে পারে না। ফিগুলি আইন দ্বারা নির্ধারিত সর্বোচ্চ অর্থরাশির বেশি হতে পারে না। যদি আপনি একটি অবৈধ ফি প্রদান করেন, আপনি একটি ফেরত দাবি করতে পারেন।

এজেন্সিগুলি আপনাকে অবশ্যই একটি চুক্তি এবং রসিদ দেবে।

আরও তথ্যের জন্য বা অভিযোগ দায়ের করতে, যোগাযোগ করুন:

**NYC Department of Consumer and Worker Protection**
nyc.gov/workers │311 ('এমপ্লয়মেন্ট এজেন্সি কমপ্লেইন' বলুন)

## স্বয়ংক্রিয় কর্মসংস্থান সিদ্ধান্ত সরঞ্জাম

নিয়োগকর্তা এবং এমপ্লয়মেন্ট এজেন্সিগুলি NYC-তে একটি স্বয়ংক্রিয় কর্মসংস্থান সিদ্ধান্ত টুল (Automated Employment Decision Tool, AEDT) ব্যবহার করতে পারে না যদি না তারা নিশ্চিত করে যে পক্ষপাতিত্ব নিরীক্ষা করা হয়েছে এবং কর্মচারী ও চাকরি প্রার্থীদের প্রয়োজনীয় বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে।

আরও তথ্যের জন্য বা অভিযোগ দায়ের করতে, যোগাযোগ করুন:

**NYC Department of Consumer and Worker Protection**
nyc.gov/dcwp │ 311 (AEDT বলুন)